



# ইসলামিক ফাউন্ডেশন

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

## প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত-  
পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায়নি  
১৪ ডিসেম্বর থেকে পবিত্র রবিউল আউয়াল মাস গণনা শু-  
২৫ ডিসেম্বর শুক্রবার সারাদেশে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা) পালিত হবে

ঢাকা, শনিবার, ১২ ডিসেম্বর, ২০১৫।

বাংলাদেশের আকাশে আজ কোথাও ১৪৩৭ হিজরি সনের পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া যায়নি। ফলে আগামীকাল ১৩ ডিসেম্বর সফর মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ১৪ ডিসেম্বর সোমবার থেকে পবিত্র রবিউল আউয়াল মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামী ১২ রবিউল আউয়াল ১৪৩৭ হিজরি, ১১ পৌষ ১৪২২ বঙ্গাব্দ, ২৫ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ শুক্রবার সারাদেশে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উদযাপিত হবে।

আজ সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও জাতীয় চাঁদ দেখা কমিটির সহ-সভাপতি ড. চৌধুরী মোঃ বাবুল হাসান।

সভায় প্রধান তথ্য অফিসার তছির আহম্মদ, ওয়াক্ফ প্রশাসক ফয়েজ আহমেদ ভূঁইয়া, ইসলামিক ফাউন্ডেশনের সচিব মোঃ অহিদুল ইসলাম, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মোঃ আমজাদ আলী, তথ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোহাম্মদ নূরুল ইসলাম, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক (বার্তা) নাসির আহমেদ, ঢাকা আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ প্রফেসর সিরাজ উদ্দিন আহমেদ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক মোঃ শাহ আলম, স্পারসোর সিএসও মোঃ শাহ আলম, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান ও চকবাজার শাহী জামে মসজিদের খতীব মাওলানা শেখ নাসিম রেজওয়ান প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় ১৪৩৭ হিজরি সনের পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, অদ্য ২৯ সফর ১৪৩৭ হিজরি, ২৮ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ, ১২ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ শনিবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে কোথাও পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া যায়নি। এমতাবস্থায়, আগামীকাল ২৯ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ, ১৩ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ রবিবার সফর মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ৩০ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ, ১৪ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ সোমবার থেকে রবিউল আউয়াল মাস গণনা করা হবে।

প্রেক্ষিতে, আগামী ১২ রবিউল আউয়াল ১৪৩৭ হিজরি, ১১ পৌষ ১৪২২ বঙ্গাব্দ, ২৫ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ শুক্রবার সারাদেশে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা) উদযাপিত হবে।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬